দৈনিক বাংলা

তারিখ 0 1 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

20

# আজ সার্ক স্থায়ী কমিটির বৈঠক শুরু

দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা কাউন্সিল (সার্ক)-এর স্থায়ী কমিটির বৈঠকে অংশ নিতে কয়েকটি সদস্য দেশের পররাষ্ট্র সচিবরা মঙ্গলবার ঢাকায় এসে পৌঁছেছেন। আগামী ৪ঠা ডিসেম্বর অনুষ্ঠিতব্য সার্ক মন্ত্রিপরিষদের বৈঠকের আগে স্থায়ী কমিটির তিন দিনব্যাপী বৈঠক আজ শুরু হবে। খবর বাসস'র।

পাকিস্তান, শ্রীলংকা, ভূটান এবং মালদ্বীপের পররাষ্ট্র সচিবরা মঙ্গলবার

(৫-এর পৃঃ দ্রঃ)

## আজ সার্ক স্থায়ী

( প্রথম পৃষ্ঠার পর )

বিকালের আগে ঢাকায় এসে পৌঁছান। সচিবগণ আশা প্রকাশ করেন যে পররাষ্ট্রমন্ত্রীদের নিয়ে গঠিত মন্ত্রিপরিষদের দুদিনব্যাপী বৈঠক বর্তমান সার্ক সহযোগিতা তৎপরতায় নতুন প্রেরণা জোগাবে। পররাষ্ট্র সচিব রিয়াজ রহমান তাঁর প্রতিপক্ষদের অভ্যর্থনা জানাতে বিমান বন্দরে উপস্থিত ছিলেন। এদিকে সার্ক কর্মকর্তা পর্যায়ের প্রোগ্রাম কমিটির আলোচনা মঙ্গলবার শেষ হয়েছে।

### ইব্রাহীম জাকীর বিদায়

সফররত সার্ক মহাসচিব ইব্রাহীম হোসেন জাকী মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মোস্তাফিজুর রহমানের সঙ্গে তাঁর অফিসে বিদায়ী সাক্ষাৎ করেন। উভয়ে আসন্ন সার্ক পররাষ্ট্র মন্ত্রিপরিষদের ১৩তম অধিবেশন প্রসঙ্গে আলোচনা করেন।